সংরক্ষিত নারী আসনে নুসরাতকে নির্বাচিত করে ইসির গেজেট অনুমোদন



নুসরাত তাবাসসুম। ছবি : সংগৃহীত

সংসদের সংরক্ষিত নারী আসনে নুসরাত তাবাসসুমের সদস্যপদ চূড়ান্ত করার প্রক্রিয়ায় এগোচ্ছে নির্বাচন কমিশন (ইসি)। আদালতের নির্দেশনার পর তার মনোনয়ন বৈধ হিসেবে গ্রহণ করা হয়েছে এবং এখন গেজেট প্রকাশের প্রস্তুতি চলছে।

রোববার (৪ মে) নির্বাচন কমিশনার আবদুর রহমানেল মাছউদ বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, কমিশনের বৈঠকে সিদ্ধান্ত হয়েছে নুসরাত তাবাসসুমকে নির্বাচিত হিসেবে অন্তর্ভুক্ত করে আনুষ্ঠানিক গেজেট প্রকাশ করা হবে।

নুসরাত তাবাসসুম জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর যুগ্ম আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি জামায়াত সমর্থিত ১১ দলীয় জোটের পক্ষ থেকে সংরক্ষিত নারী আসনে প্রার্থী ছিলেন।

এদিকে একই আসন ঘিরে মনিরা শারমিনের মনোনয়ন নিয়ে আইনি জটিলতা তৈরি হয়। চাকরি ছাড়ার নির্ধারিত সময়সীমা পূরণ না হওয়ায় তার প্রার্থিতা বাতিল করে রিটার্নিং কর্মকর্তা। পরে আপিলেও সিদ্ধান্ত বহাল থাকায় বিষয়টি আদালতে গড়ায়। হাইকোর্টের একটি বেঞ্চ শুনানি নিতে অনাগ্রহ প্রকাশ করে, ফলে পরবর্তী শুনানির জন্য বিষয়টি অন্য বেঞ্চে উঠতে পারে বলে জানা গেছে।

এর আগে সংরক্ষিত নারী আসনে নির্বাচিত ৪৯ জন সদস্য শপথ গ্রহণ সম্পন্ন করেন, যারা বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন।